"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
বাপেক্স ভবন, ৪, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫

স্মারক নং- ২৮.০৯.০০০০.০১৩.১১.০০১.২২/৫৮

তারিখ: ০২ জুন ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর নিম্নবর্ণিত পদসমূহে শূন্যপদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | সহকারী ব্যবস্থাপক (ভূতত্ত্ব) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ১৪ | ভূতত্ত্ব/ ভূতত্ত্ব ও খনিবিদ্যা/ ভূতাত্ত্বিক বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণিতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর/ সমতুল্য ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |
| ২ | সহকারী ব্যবস্থাপক (ভূপদার্থ) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৮ | ভূপদার্থ/ ফলিত পদার্থ বিজ্ঞান/ পদার্থবিজ্ঞান অথবা ভূতত্ত্ব বিষয়ে প্রথম শ্রেণিতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর/ সমতুল্য অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। তবে পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থবিজ্ঞান বিষয়ে ডিগ্রিধারীদের স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় ভূপদার্থ/ ভূতত্ত্ব এবং ভূতত্ত্ব বিষয়ে ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় হিসেবে ভূপদার্থ/পদার্থবিজ্ঞান থাকতে হবে। |
| ৩ | সহকারী ব্যবস্থাপক (ইলেকট্রনিক্স) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্স বিষয়ে প্রথম শ্রেণীতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর/ সমতুল্য অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫) অথবা বিএসসি বা এমএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৪ | সহকারী ব্যবস্থাপক (আইসিটি) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | বিএসসি বা এমএসসি ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৫ | সহকারী ব্যবস্থাপক (রসায়ন) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৬ | রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে প্রথম শ্রেণিতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর/সমতুল্য অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫) অথবা এ্যাপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |
| ৬ | সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ১ | এমবিবিএস ডিগ্রী |
| ৭ | সহকারী ড্রিলার | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৪ | বিএসসি ইন পাওয়ার/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ পেট্রোলিয়াম/ ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন পাওয়ার/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/মাইনিং ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |

| ক্র নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৮ | সহকারী ব্যবস্থাপক (সিভিল) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | বিএসসি বা এমএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৯ | সহকারী ব্যবস্থাপক (মেকানিক্যাল) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৩ | বিএসসি বা এমএসসি ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন মেকানিক্যাল/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী |
| ১০ | সহকারী ব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | বিএসসি বা এমএসসি ইন ইলেকট্রিক্যাল/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১১ | সহকারী ব্যবস্থাপক (পেট্রোলিয়াম কৌশল) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | বিএসসি বা এমএসসি ইন পেট্রোলিয়াম/ পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস/ পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১২ | সহকারী ব্যবস্থাপক (কেমিকৌশল) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ২ | বিএসসি বা এমএসসি ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১৩ | সহকারী ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ১ | বিএসসি বা এমএসসি ইন এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১৪ | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৯ | প্রথম শ্রেণিতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ ন্যূনতম দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর/সমতুল্য ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |
| ১৫ | সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | টাকা ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড-৯) | ৩ | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে (সিজিপিএ ৩.০) স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণিতে (সিজিপিএ ২.২৫) স্নাতকোত্তর বা সমতুল্য বা সিএ/এসিএমএ/এমবিএ ডিগ্রী অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |
| ১৬ | উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১ | ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১৭ | উপসহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১ | ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১৮ | উপসহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১ | ডিপ্লোমা ইন অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ১৯ | উপসহকারী প্রকৌশলী (সিভিল) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১ | ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ২০ | উপসহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ২ | ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ২১ | উপসহকারী প্রকৌশলী (কম্পিউটার) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১ | ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ২২ | ট্রেইনী ড্রিলার | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ১৪ | ডিপ্লোমা ইন পাওয়ার/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/মাইনিং ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ২৩ | সহকারী কর্মকর্তা (প্রশাসন) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ৫ | স্নাতকোত্তর/সমতুল্য ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |
| ২৪ | সহকারী কর্মকর্তা (হিসাব ও অর্থ) | টাকা ১৬,০০০-৩৮,৬৪০ (গ্রেড-১০) | ৩ | বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর/সমতুল্য ডিগ্রী অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি (সিজিপিএ ২.২৫)। |

অন্যান্য শর্তাবলী:

১। সাধারণ প্রার্থীদের ১৪ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বয়সসীমা ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বর্ণিত তারিখে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লিখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

২। আবেদন ফরম সঠিকভাবে পূরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে;

খ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট দাখিল করতে হবে;

গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে) এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে;

ঘ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অবশ্যই দাখিল করতে হবে;

ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে;

চ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্রের ফটোকপি সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে;

ছ) অনলাইন (Online)- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) অবশ্যই দাখিল করতে হবে।

৩। আবেদনকারীকে তার অর্জিত শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

৫। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৬। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত/ত্রুটিপুর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। কোন প্রার্থী নিয়োগ প্রাপ্তির পর তার প্রদত্ত/দাখিলকৃত কোন তথ্য/অভিজ্ঞতা সনদ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর ওয়েবসাইট (www.bapex.com.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট এ প্রকাশিত হবে বিধায় চাকরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে এবং বাপেক্স এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

১৪। ২০১৪ সালে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি ও ২০১৫ সালে প্রকাশিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যে সব প্রার্থী সহকারী ব্যবস্থাপক (প্রশাসন/সাধারণ) পদে আবেদন করেছেন তাদের আবেদনপত্র বিবেচনায় নেয়া হবে বিধায় সংশ্লিষ্ট পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৫। বাপেক্স একটি তেল, গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কোম্পানি এবং এর অধিকাংশ কার্যক্রম দুর্গম/প্রত্যন্ত এলাকায় হওয়ায় সেসব এলাকায় চাকরি করার মানসিকতা সম্পন্ন প্রার্থীগণকে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

১৬। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর কর্মচারি চাকরি প্রবিধানমালা এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীগণ http://bapex.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ জুন ২০২২ খ্রি. সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪ জুলাই ২০২২ খ্রি. বিকাল ৫:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং টেলিটক চার্জ বাবদ ৬০/- (ষাট) টাকা সহ (অফেরতযোগ্য) মোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।** অনলাইনে আবেদন এবং টাকা জমা দেওয়ার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** BAPEX<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BAPEX ABCDEF

Reply: Applicant's Name, Tk-560/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BAPEX <Space>Yes < Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BAPEX<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BAPEX YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BAPEX Application for post xxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bapex.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন:

i. **User ID জানা থাকলে:** BAPEX<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: BAPEX HELP USER ABCDEF & Send to 16222

ii. **PIN Number জানা থাকলে:** BAPEX <space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.

Example: BAPEX HELP PIN 12345678 & Send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) এর Website: www.bapex.com.bd, পেট্রোবাংলার Website: www.petrobangla.org.bd এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের Website: www.emrd.gov.bd এ দেখা যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bapex.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query.@teletalk.com.bd বা gmadmin@bapex.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (E-mail এর subject -এ Organization Name: BAPEX, Post Name:****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন:**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০২.০৮.২০২৪

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও

আহবায়ক, সংশ্লিষ্ট সিলেকশন কমিটি